বাফা/ ২০২৫/ ১১৫
১৭ জুন ২০২৫

বরাবর
মাননীয় উপদেষ্টা
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা- ১০০০।

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রস্তাবিত কিছু কর ও কর্তনের হার পুনর্বিবেচনার জন্য অনুরোধ।**

মহোদয়,

বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)-এর পক্ষ থেকে ২০২৫-২০২৬ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রস্তাবিত কিছু কর কর্তনের হার প্রসঙ্গে বাফার পক্ষ থেকে কতিপয় কর প্রস্তাবনা পুনঃবিবেচনার জন্য বিনীতভাবে নিম্নে উল্লেখ করা হলোঃ

**১. ফ্রেইট ফরোয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর উৎসে কর ১.৫০% থেকে কমিয়ে ০.৫০% করাঃ**

প্রস্তাবিত বাজেটে ফ্রেইট ফরোয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর উৎসে কর ১.৫০% কেটে রাখার বিধান করা হয়েছে। প্রকৃতপক্ষে ফ্রেইট ফরোয়ার্ডারদের প্রকৃত আয় (ব্যয় বাদে) ইনভয়েসের মূল্যের ১% থেকেও কম। প্রস্তাবিত বাজেটের উল্লেখিত হারে উৎসে কর আরোপ করা হলে তা প্রকৃত আয়ের চেয়েও অধিক হয়ে যাবে, যা ব্যবসায়িদের ক্ষতির কারন হবে মর্মে প্রতিয়মান হয়। ফ্রেইট ফরওয়ার্ডার্সগণ এটি খরচ হিসেবে যোগ করলে রপ্তানির ব্যয় বেড়ে যাবে এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্রতিযোগিতা ক্ষমতা হ্রাস পাবে। অতএব এই উৎসে কর হার ০.৫০% এ নামিয়ে আনার জন্য অনুরোধ জানাচ্ছি।

**২. এয়ার ফ্রেইটের উপর বর্তমান ০.৩০% হারে উৎসে কর প্রত্যাহারের অনুরোধ (দ্বৈত কর নিরসন):**

২০১৫-২০১৬ অর্থ বছরের পরিপত্র-২০১৫ (আয়কর) এর ধারা ২৮ অনুসারে বর্তমানে এয়ার ফ্রেইটের উপর ০.৩০% উৎসে কর কর্তন করা হচ্ছে। উপরে উল্লেখিত সংশোধিত উৎসে কর বিধিমালা ২০২৪ এর বিধি ৪ এর উপবিধি(১) এর সারণীর ক্রমিক নং ১৮ অনুসারে যদি ফ্রেইট ফরোয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর প্রস্তাবিত ১.৫০% অথবা বাফা কর্তৃক এই পত্রের মাধ্যমে প্রস্তাবিত ০.৫০% কর্তন করা হয়, তাহলে একই লেনদেনে দ্বৈত কর আরোপিত হবে, যা যৌক্তিক নয় মর্মে প্রতিয়মান হয়। কারণ, ফ্রেইট ফরোয়ার্ডাররা সাধারণত একই ইনভয়েসে/বিলে সমুদ্র ও বিমান পরিবহন সেবা অন্তর্ভুক্ত করেন। অতএব, এই দ্বৈত কর পরিহারের জন্য এয়ার ফ্রেইটের উপর বিদ্যমান ০.৩০% উৎসে কর প্রত্যাহারের জন্য অনুরোধ জানাচ্ছি।

**৩. টার্নওভার ট্যাক্স ১% এর পরিবর্তে পূর্বের মতো ০.৬০% রাখার অনুরোধঃ**

২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে টার্নওভার ট্যাক্স ০.৬০% থেকে বৃদ্ধি করে ১.০০% করা হয়েছে। এই হারে ট্যাক্স ব্যবসার লাভ-ক্ষতির বিবেচনা ছাড়াই মোট লেনদেনের উপর আরোপিত হয়। এটি এমন এক সময়ে আরোপ করা হচ্ছে যখন ব্যবসায়ীরা ইতিমধ্যে ভ্যাটসহ বিভিন্ন পরোক্ষ কর পরিশোধ করে আসছে। এই কর হার বাস্তবসম্মত নয়, কারণ অন্যান্য বিভিন্ন খরচ বাদ দিলে ব্যবসায় প্রকৃত মুনাফা এমনিতেই অনেক কম। উপরন্তু, এই কর মূলধন প্রবাহ ও বিনিয়োগে বিরূপ প্রভাব ফেলবে। অতএব টার্নওভার ট্যাক্স পূর্বের ন্যায় ০.৬০% হারেই বহাল রাখার জন্য অনুরোধ জানাচ্ছি।

আপনার একান্ত অনুগত

১৭.০৬.২০২৫
নাসরিন সুলতানা
প্রশাসক, বাফা, ও
উপ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

অনুলিপিঃ
১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
২। জনাব মোঃ আলমগীর, মহাসচিব, এফবিসিসিআই।